



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
সরকারি আবাসন পরিদপ্তর
ভান্ডার
www.doga.gov.bd



নম্বর ২৫.৪৩.০০০০.০০০.৩০.০০১.২০.১৩

তারিখ ২৫ পৌষ ১৪২৮

০৯ জানুয়ারি ২০২২

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: **অনুরোধ জ্ঞাপন দরপত্র বিজ্ঞপ্তি (RFQ)।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সরকারি আবাসন পরিদপ্তরে ২০২১-২০২২ অর্থ বছরে ০৩ (তিন) টি কম্পিউটার (Brand PC Core i5 10th Gen.) with Printer & Scanner ক্রয়ের জন্য আগ্রহী বাংলাদেশের প্রকৃত নাগরিক/প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। আগ্রহী দরদাতাগণ আগামী ১৭/০১/২০২২ তারিখ রোজঃ সোমবার, বেলা ৩.০০ ঘটিকা পর্যন্ত বাংলাদেশ সচিবালয় দর্শনার্থী গেটে সংরক্ষিত দরপত্র বাক্সে দরপত্র দাখিল করতে পারবেন। উক্ত তারিখ বেলাঃ ৩.৩০ ঘটিকায় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র সমূহ খোলা হবে। আগ্রহী প্রতিষ্ঠানের অংশগ্রহণের জন্য তার নিজস্ব অভিজ্ঞতা (যদি থাকে), হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর রেজিস্ট্রেশন/টিআইএন নম্বর-এর প্রমাণপত্র, ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট এর কপিসহ দরপত্র/কোটেশন দাখিল করতে হবে।

যে কোন কোটেশন গ্রহণ, পরিমার্জন ও বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৯-১-২০২২

আব্দুল্লাহ-আল-নোমান
সহকারী পরিচালক

ফোন: +৮৮০২৯৫৪৬৩১১

ফ্যাক্স: +৮৮০২৯৫৪৬৪৬৩

ইমেইল: adminsec@doga.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সহকারী পরিচালক, আইসিটি শাখা, সরকারি আবাসন পরিদপ্তর
- ২) অফিস ফ্রন্ট ডেস্ক, আইসিটি শাখা, সরকারি আবাসন পরিদপ্তর
- ৩) পরিচালকের ব্যক্তিগত সহকারী, পরিচালকের দপ্তর, সরকারি আবাসন পরিদপ্তর
- ৪) অতিরিক্ত পরিচালকের ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত পরিচালকের দপ্তর, সরকারি আবাসন পরিদপ্তর
- ৫) নোটিশ বোর্ড সচিবালয়ের ১ নম্বর গেইট, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৬) এ জি বি নোটিশ বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা
- ৭) বাংলাদেশ ব্যাংক নোটিশ বোর্ড, ঢাকা
- ৮) জিপিও নোটিশ বোর্ড, ঢাকা